# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৮৬৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬৩০৪, ৬৩০৫]

৬৭/ দু’আ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ প্রত্যেক নবীর একটি মাককূল দুআ রয়েছে

بَاب لِكُلِّ نَبِيٍّ دَعْوَةٌ مُسْتَجَابَةٌ

আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ، قَالَ حَدَّثَنِي مَالِكٌ، عَنْ أَبِي الزِّنَادِ، عَنِ الأَعْرَجِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ" لِكُلِّ نَبِيٍّ دَعْوَةٌ يَدْعُو بِهَا، وَأُرِيدُ أَنْ أَخْتَبِئَ دَعْوَتِي شَفَاعَةً لأُمَّتِي فِي الآخِرَةِ ".

وَقَالَ لِي خَلِيفَةُ قَالَ مُعْتَمِرٌ سَمِعْتُ أَبِي عَنْ أَنَسٍ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ كُلُّ نَبِيٍّ سَأَلَ سُؤْلاً أَوْ قَالَ لِكُلِّ نَبِيٍّ دَعْوَةٌ قَدْ دَعَا بِهَا فَاسْتُجِيبَ فَجَعَلْتُ دَعْوَتِي شَفَاعَةً لأ÷ُمَّتِي يَوْمَ الْقِيَامَةِ.

বাংলা

وَقَوْلِ اللهِتَعَالٰىوَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ ۚ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَوَقَالَ رَبُّكُمُ ادْعُونِي أَسْتَجِبْ لَكُمْ ۚ إِنَّ الَّذِينَ يَسْتَكْبِرُونَ عَنْ عِبَادَتِي سَيَدْخُلُونَ جَهَنَّمَ دَاخِرِينَ

আল্লাহ তা’আলার বাণী : “তোমরা আমাকে ডাক, আমি তোমাদের ডাকে সাড়া দিব।” আরও তাঁর বাণী : “যারা অহংকারবশত আমার ইবাদত থেকে বিমুখ থাকে, তারা অবশ্যই জাহান্নামে প্রবেশ করবে লাঞ্ছিত হয়ে” (৪০: ৬০)

---

৫৮৬৬. ইসমাঈল- (রহ.)....আবূ হুরায়রা (রা.) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ বলেছেন: প্রত্যেক নবীর এমন একটি দু’আ রয়েছে, যা তিনি করে থাকেন। আমার ইচ্ছা, আমি আমার সে দু’আর অধিকার আখিরাতে আমার উম্মতের শাফায়াতের জন্য মুলতবী রাখি। অন্য এক সূত্রে আনাস (রা.) থেকে বর্ণিত। নবী করীম (সা.) বলেছেন যে, প্রত্যেক নবী করীমই যা চাওয়ার তা তিনি চেয়ে নিয়েছেন। অথবা নবী করীম (সা.) বলেছেন: প্রত্যেক নবীকে যে দু’আর অধিকার দেওয়া হয়েছিল, তিনি সে দু’আ করে নিয়েছেন এবং তা কবুলও হয়ে গিয়েছে। কিন্তু আমি

আমার দু’আকে কিয়ামতের দিনে আমার উম্মতের শাফায়াতের জন্য রেখে দিয়েছি।

## English

Narrated Abu Huraira:

Allah's Messenger (ﷺ) said, "For every prophet there is one (special invocation (that will not be rejected) with which he appeals (to Allah), and I want to keep such an invocation for interceding for my followers in the Hereafter."

Narrated Anas:

that the Prophet (ﷺ) said, "For every prophet there is an invocation that surely will be responded by Allah," (or said), "For every prophet there was an invocation with which he appealed to Allah, and his invocation was accepted (in his lifetime), but I kept my (this special) invocation to intercede for my followers on the Day of Resurrection."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=6609

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন